

ভালবাসা করে কয়?

প্রথমেই জাহেদ সাহেব 'কে ধন্যবাদ না জানিয়ে পারছি না, কারণ এটাই আমার ভিন্নমত-এ প্রথম লিখা, আর এই ফোরামের আব হাওয়ার সাথে তুলনা করলে কিছুটা **off topic** লিখা। তবে উনি সময় নিয়ে আমার লিখাটা পড়েছেন, এবং বোধকরি তার চেয়ে বেশি সময় নিয়ে নিজের প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। আর এই লিখা কিছুটা হলেও ওনার চিন্তার খোরাক জুগিয়েছে ভাবতে ভালই লাগছে। সত্যি কথা বলতে কি আপনার ভাষায় আসল কথা বলার **chance** -ই পেলাম না। কথা ছিল পরের লিখায় **commitment and dating** -নিয়ে লিখব, তার আগেই আপনি আসল কথা নিয়ে উপস্থিত। আমি আমার প্রথম লিখায় **interested** রমণীদের সংগে জাস্ট পরিচয় পব' এবং কিছুবেসিক জিনিস নিয়েই আলোচনা করেছিলাম। টাকা পয়সার কথা আরও পরের ব্যাপার। গাড়ি কেনার আগেই পেট্রল কিনার দরকার নেই, এটা ভেবেই আলাপ করিনি। আসলে টাকা বা মাল পানি শুধু ভালবাসা নয়, জীবনের সকল ক্ষেত্রেই একনম্বরের দাওয়াই। তবে এটাও ঠিক অন্যান্য গুণ (ব্যক্তিত্ব, মেধা, প্রতিভা, শিক্ষা, শারীরিক সৌন্দর্য, সুন্দর ব্যবহার) ছাড়া শুধু মাল পানি (এটাও একটা গুণ বা আশির্বাদ) সম্বল করে নামলে মেয়েদের হাতে **use** হবার জোরাল সম্ভাবনা রয়েছে। আমার অনেক পরিচিত মাল পানি ওলা (উপ রোক্ত গুণ বর্জিত) লোকদের দিকে তাকালে দেখি, তাদের দামি গাড়িটা যতটানা ডেটিং এর জন্যে ব্যবহার হয়, তার চেয়ে কম ব্যবহার হয়না ওদের মেয়েবন্ধুদের ইয়েলো ক্যাবের সাভিসে। বেশিরভাগ **quality** মেয়েরাই টাকার সাথে সাথে উপ রোক্ত গুণ গুলিও বিবেচনা করে। তবে একটা কথা জাহেদ সাহেব **life is all about winning**, আপনি যদি এসব সাহায্য ছাড়া শুধু মাল পানির জোরে কোন মেয়ের **Love**-এর সম্মান পেয়ে যান, তখন শেষ কথা হচ্ছে আপনি-ই বিজয়ী, সেটা মাল পানি হোক, আর অন্য গুণ দিয়েই হক কেউ জানতে চাইবেনা। যদি মাল পানির জোর কম থাকে, এবং অন্য গুণ গুলো বিদ্যমান থাকে, তাহলে সেটা ব্যবহার করতে ত কোন সমস্যা নেই। আর অন্য গুণ গুলোর মধ্যে সৃষ্টিকর্তার দান গুলো বাদে, আর বাকিটা যদি নিজেকে ঘশে মেজে অর্জন করে বিজয়ী হওয়া যায়, তবেতো প্রেম নিবেদনকারীর-ই লাভ।

আপনি এ সমস্ত **good-to-read** টিপস এর কায কারিতা নিয়ে প্রশ্ন তুলেছেন। আসলে আমি যেটা মনে করি সেটা হচ্ছে, এটা অনেকাংশে নিভর করে, নিবেদনকারীর **potential lover**-এর উপর। ভালবাসার ব্যাপারে তার মাইন্ডসেট, তার ব্যক্তিত্ব, পারিবারিক ব্যাকগ্রাউন্ড, সবের উপর নিবেদনকারীর প্রতি তার ইন্টারেস্ট লেভেল এগুলো খুব **crucial** জিনিস। তবে যদুর মানুষের কাছে ফিডব্যাক পেয়েছি, বেশির ভাগ সময়-ই এসব টিপস ভালই কাজে দেয় বলেই জানা গ্যাছে। আপনি **try** করেই দেখুন না, হারাবার তো কিছু নেই। ভাইরে এসব **good-to-read** টিপস মঘা ইউনানীর “আগা মোটা গোড়া চিকন” লিংগ মোটাতাজা করন প্রকল্পের মত কোন গ্যারান্টি দ্যায়ানা। তবে হ্যা এসব টিপস ব্যবহারে খুব বেশি অনর্থ ঘটবার ভয় নেই এটুকু বলা যায়।

প্রিয় জাহেদ সাহেব, আপনার সাথে “মুস্তমনা বনাম ইসলামিস্ট” স্টাইলে বিতর্ক বা ঝগড়া কিছুই করতে আসিনি। আমি ভালবাসার মানুষ, আমি ফাইটার নই, লাভার। ভালবাসার কথা লিখতে বা বলতে ভাল লাগে, তাই চান্স পেয়ে কিছু কথা বলার লোভ সামলাতে পারলাম না। আমার লিখা আপনি সহ অন্য পাঠকদের বিরক্তি উৎপাদন করলে, আমি সবিনয়ে ক্ষমা প্রার্থি। আপনার হালাল **love** প্রাপ্তির জন্যে শুভকামনা করছি। সবাইকে অনেক অনেক শুভেচ্ছা আর ভালবাসা।